46

তারিখ 02 FEB 1996
পৃষ্ঠা ১২ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ, লাঠিচার্জ আহত ২০

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে বেলা ১১টা হইতে ২টা পর্যন্ত তিন ঘন্টা ছাত্রদল ও ছাত্রলীগের (শা-পা) মধ্যে তিন দফা (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ শেষ)

সংঘর্ষে উভয়পক্ষের ১২জন আহত হইয়াছে। পুলিশের কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ ও লাঠিচার্জে আরও ৮ জন আহত হয়। আহত ছাত্রদল নেতা ওয়ালি হোসেন পিকলুকে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে ছাত্রদের উপর পুলিশের নগ্ন হামলার প্রতিবাদে গতকাল ছাত্রলীগ খুলনা-কুষ্টিয়া মহাসড়কে ১১টা হইতে ১২টা পর্যন্ত একঘন্টা অবরোধের কর্মসূচী নেয়। কর্মসূচী বানচালের উদ্দেশ্যে সোয়া ১১টার দিকে ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে মিছিল বাহির করে। উভয় দল আপত্তিকর শ্লোগান দেওয়ার এক পর্যায়ে মুখোমুখি সংঘর্ষ বাঁধিয়া যায়। এ সময় ছাত্রদলের পিকুল ও বাচ্চু এবং ছাত্রলীগের মামুন আহত হয়। সংঘর্ষের এক পর্যায়ে শিবিরের অবস্থানের উপর ইট-পাটকেল পড়িলে বিক্ষুব্ধ শিবির কর্মীরা ছাত্রদল কর্মীদের ধাওয়া করে। এ সময় পুলিশ বেশ কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করিলে ছাত্রদল কর্মীরা পিছু হটিয়া যায়। বেলা ১টার দিকে ছাত্রদল কর্মীরা সংঘবদ্ধ হইয়া পুনরায় প্রধান গেটে আসিলে ছাত্রলীগের সহিত দ্বিতীয় দফা সংঘর্ষ বাধে। কর্তব্যরত দুইজন ম্যাজিস্ট্রেট ও পুলিশ কর্মকর্তাগণ উভয় দলের সভাপতিকে ডাকিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টাকালে ছাত্রদল কর্মীরা ছাত্র লীগ কর্মীদের ধাওয়া করে। এসময় পুলিশ বেধড়ক লাঠিচার্জ করিয়া উভয় দলের কর্মীদের ছত্রভঙ্গ করিয়া দেয়।

ছাত্রলীগ নেতৃবৃন্দ এক সমাবেশে সংঘর্ষের জন্য ছাত্রদলকে দায়ী করে। ছাত্রদল ছাত্রলীগ (শা-পা)কে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করিয়াছে। শিবির ভিসি'র নিকট সন্ত্রাসী ছাত্রদের বহিষ্কার ও যে-কোন মূল্যে বিশ্ববিদ্যালয় খোলা রাখার দাবী জানায়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সংঘর্ষের ব্যাপারে কোন মন্তব্য করেন নাই। ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীরা পার্শ্ববর্তী এলাকায় সশস্ত্র অবস্থান নিয়াছে। ছাত্রদল কুষ্টিয়া থানায় একটি মামলা দায়ের করিয়াছে। এদিকে আজ শুক্রবার বিএনপি এবং নির্বাচন প্রতিরোধ কমিটি বিশ্ববিদ্যালয় সংলগ্ন শেখপাড়া প্রাইমারী স্কুল মাঠে একই সময়ে সভা আহ্বান করায় এলাকায় উত্তেজনা বিরাজ করিতেছে।